



ইরানের ইউরেনিয়াম নিয়ন্ত্রণে নেওয়ার ঘোষণা ট্রাম্পের



ডোনাল্ড ট্রাম্প ছবি: সংগৃহীত

ইরানের কাছে থাকা উচ্চমাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়াম নিজেদের নিয়ন্ত্রণে নেওয়ার কথা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে তেহরান স্পষ্ট জানিয়ে দিয়েছে, তারা কোনোভাবেই এই ইউরেনিয়াম অন্য দেশের হাতে তুলে দেবে না। সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে।

হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, “আমরা এটা নিজেদের কাছে নিয়ে আসব।” তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রের এই উপাদানের প্রয়োজন না থাকলেও ইরানকে এটি রাখতে দেওয়া হবে না। তার ভাষায়, প্রয়োজনে তা ধ্বংসও করা হতে পারে।

অন্যদিকে, আয়াতুল্লাহ আলী খামেনি নির্দেশ দিয়েছেন, ইরানের মজুত সমৃদ্ধ ইউরেনিয়াম দেশের বাইরে পাঠানো যাবে না। রয়টার্স জানিয়েছে, ইরানের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যেও এ বিষয়ে একমত অবস্থান রয়েছে।

ইরানের একাধিক সূত্রের দাবি, দেশটির নীতিনির্ধারকদের আশঙ্কা—ইউরেনিয়াম বিদেশে পাঠানো হলে ভবিষ্যতে যুক্তরাষ্ট্র বা ইসরাইলের সম্ভাব্য হামলার মুখে ইরান আরও দুর্বল হয়ে পড়তে পারে।

বিশ্লেষকদের মতে, এই অবস্থানের কারণে ওয়াশিংটন ও তেহরানের মধ্যকার উত্তেজনা আরও বাড়তে পারে। একই সঙ্গে চলমান কূটনৈতিক আলোচনা ও সমঝোতার পথও কঠিন হয়ে উঠতে পারে।